



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আইকিউএসির আয়োজনে দুই দিনব্যাপী প্রশিক্ষন কর্মশালার উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২২ জুন ২০২২।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে শুরু হয়েছে দুই দিনব্যাপী প্রশিক্ষন কর্মশালা। বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে Management & Motivation for Co-curricular Activities বা সহশিক্ষা কার্যক্রম পরিচালনা ও অনুপ্রেরণা বিষয়ের উপর এই কর্মশালার আয়োজন করা হয়েছে। ২২ জুন ২০২২ তারিখ সকাল ১১ টায় কর্মশালাটি উদ্বোধন করেন প্রধান অতিথি বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। উদ্বোধন শেষে উপাচার্য মহোদয় বলেন, একাডেমিক শিক্ষার পাশাপাশি সহশিক্ষা কার্যক্রম শিক্ষার্থীদের পরিপূর্ণ মেধার বিকাশে সহায়তা করে। এধরনের কার্যক্রম যতবেশি আয়োজন করা হবে শিক্ষার্থীরা তত বেশি উপকৃত হবে। একজন আলোকিত মানুষ হিসেবে গড়ে উঠতে এবং সমাজ পরিবর্তনের ধারক ও বাহক হিসেবে নিজেকে রূপান্তরিত করতে সহশিক্ষা কার্যক্রমের কোন বিকল্প নেই। কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। বরিশাল বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির পরিচালক (ভারপ্রাপ্ত) ড. রহিমা নাসরিনের সভাপতিত্বে কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংস্কীত বিভাগের সহযোগী অধ্যাপক ড. লিনা তাপসী খান এবং প্রখ্যাত অভিনেতা, পরিচালক ও নাট্য নির্মাতা শহিদুজ্জামান সেলিম। কর্মশালায় আরও উপস্থিত ছিলেন টিএসসির পরিচালক জ্যোতির্ময় বিশ্বাস। ২৩ জুন কর্মশালার ২য় দিনে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থাকবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের থিয়েটার এন্ড পারফরমেন্স স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মোঃ ইসরাফিল শাহিন এবং পরিচালক ও থিয়েটার অভিনেতা সৈয়দ দুলাল। দুই দিনব্যাপী আয়োজিত এ প্রশিক্ষন কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের ২৪টি বিভাগের ৪৮ জন ছাত্র উপদেষ্টা, ৪৮ জন শিক্ষার্থী প্রতিনিধি এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের ১৩ জন প্রতিনিধি অংশগ্রহণ করবেন। কর্মশালাটি আগামী ২৩ জুন ২০২২ তারিখ বিকাল ৩:৩০ টায় শেষ হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস